বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(পত্র বিনিময় শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৬৭- -জি, তারিখ ঃ-২৮/০১/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ ইন্টারনেটসহ আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা উত্তোলনের মঞ্জুরী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮ এর ২য় পরিচ্ছেদের ১৫খ অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে কর্মরত প্রাধিকারভুক্ত কর্মকর্তাগণের আবাসিক টেলিফোনের বিপরীতে তাদের মাসিক বিলের সাথে নগদায়ন ভাতা উত্তোলনের মঞ্জুরী জ্ঞাপন করা হলো। এক্ষেত্রে উল্লিখিত নীতিমালার ১৫খ ও ১৬ অনুচ্ছেদের বিধানাবলী প্রযোজ্য হবে।

২। সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮ এর ১৫খ(ছ) অনুচ্ছেদ অনুযায়ী ব্যয়সীমার তালিকায় কোর্টের হাইকোর্ট বিভাগের যেসকল পদের আবাসিক টেলিফোন প্রাধিকার নির্দিষ্টভাবে উল্লেখ নেই, সেসকল পদের সমমর্যাদাসম্পন্ন পদের ক্ষেত্রেও উক্ত মঞ্জুরী প্রযোজ্য হবে।

৩। প্রাধিকারভুক্ত সংশ্লিষ্ট কর্মকর্তা সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮ এর ১৬(খ)(৪) অনুচ্ছেদ অনুযায়ী টেলিফোন নগদায়ন ভাতা গ্রহণে ইচ্ছুক মর্মে প্রত্যয়নপত্র দাখিল করবেন।

৪। উল্লিখিত নীতিমালার আলোকে উপরি-উক্ত টেলিফোনসমূহের বিল সরকারিভাবে পরিশোধ করা হবে না এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে তা পরিশোধ করবেন।

৫। টেলিফোন নগদায়ন ভাতা গ্রহণকারী কর্মকর্তা প্রতিমাসে আবাসিক টেলিফোনের বিল বি.টি.সি.এল. এর অনুমোদিত ব্যাংকে ব্যক্তিগতভাবে পরিশোধ করে ব্যাংকের সীল ও স্বাক্ষর সম্বলিত পরিশোধিত বিলের ১ কপি অত্র কোর্টের হিসাব শাখায় প্রেরণ করবেন।

৬। উক্ত ব্যয় ২০১৮-২০১৯ অর্থ বছরের বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ১০৫০১০২১০০১২৩ কোডের ৩২১১১২০ টেলিফোন খাতে বরাদ্দকৃত অর্থ হতে পরিশোধযোগ্য।

৭। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-২ শাখার ০৪ জুন, ২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১১১.১০.০১০.১৫-৩৪৪ নং অফিস স্মারক অনুযায়ী সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮ জারীর তারিখ হতে কার্যকর হবে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বকেয়া হিসেবে টেলিফোন নগদায়ন ভাতা প্রাপ্য হবেন।

স্বা/-
(মোঃ গোলাম রব্বানী)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ
ফোনঃ ৯৫১৪৬৪৬।
E-mail: registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- ৯৭৩ (২) তারিখঃ ২৮/০১/২০১৯ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২. চীফ জেনারেল ম্যানেজার, ঢাকা টেলিযোগাযোগ অঞ্চল (পূর্ব) খিলগাও, (পশ্চিম) শেরে বাংলা নগর, (দক্ষিণ) রমনা, (উত্তর) গুলশান, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. হিসাব রক্ষণ কর্মকর্তা-১/২/৩, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫. হিসাব শাখা-১/২/৩, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. অফিস কপি।

Aktaruzzaman
২৮.০১.১৯
(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬।
E-mail: aktar.dr@supremecourt.gov.bd